# বার্ষিক বনভোজন ২০২৫ – প্রতিবেদন

পিএফডিএ-ভোকেশনাল ট্রেনিং সেন্টার ট্রাস্টের উদ্যোগে ২৮ জানুয়ারি ২০২৫ তারিখে, প্রতি বছরের ন্যায় এবারও আয়োজন করা হয় বার্ষিক বনভোজন। এবারের পিকনিক স্পট ছিল প্রাকৃতির লীলাভূমি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার। এ আয়োজনের উদ্দেশ্য ছিল শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও কর্মচারীদের মধ্যে সম্প্রীতি, বন্ধুত্ব ও পারস্পরিক বোঝাপড়া বৃদ্ধি করা।

সকালে অফিস প্রাঙ্গণ থেকে পাঁচটি বাসযোগে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও কর্মচারীবৃন্দ নির্ধারিত স্থানের উদ্দেশ্যে যাত্রা করেন। যাত্রাপথে সকলের মাঝে ছিল উৎসবমুখর পরিবেশ, হাসি-আনন্দ ও গান-বাজনার উচ্ছ্বাস।

উচ্ছ্বাসের রেশ নিয়েই আমরা গন্তব্যে পৌঁছে সকলে নাস্তা গ্রহণ করি। এরপর সকলে মিলে প্রকৃতির সান্নিধ্যে আনন্দ উপভোগে মেতে উঠি। সকালের সোনালি রোদ ও সবুজে ঘেরা মাঠ—এই মনোরম পরিবেশে শুরু হয় বিভিন্ন খেলাধুলা ও বিনোদনমূলক আয়োজন।








দিনব্যাপী কর্মসূচি

দিনব্যাপী আয়োজিত কার্যক্রমগুলোর মধ্যে উল্লেখযোগ্য ছিল—

- দৌড় প্রতিযোগিতা
- ঝুড়িতে বল নিক্ষেপ
- চেয়ার খেলা
- সাংস্কৃতিক অনুষ্ঠান (নাচ ও গান পরিবেশনা)
- মেহেদী অঙ্কন ও ফেইস পেইন্টিং

সাংস্কৃতিক অনুষ্ঠান:
শিক্ষার্থীরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করে তাঁদের প্রতিভা ও সৃজনশীলতা প্রকাশ করেন। শিক্ষক, প্রশিক্ষক ও অভিভাবকরাও অংশগ্রহণ করে আনন্দ ভাগাভাগি করেন।

মধ্যাহ্নভোজ

দুপুরে পরিবেশিত হয় সুস্বাদু খাবার।
মেন্যুতে ছিল: পোলাও, রোস্ট, সবজি, সালাদ এবং মিষ্টান্ন।
সকলেই একত্রে প্রকৃতির মনোরম সৌন্দর্য উপভোগ করতে করতে মধ্যাহ্নভোজ সম্পন্ন করেন, যা সম্প্রীতি ও সৌহার্দ্যের আবহকে আরও সমৃদ্ধ করে।

বিকেলের কার্যক্রম

বিকেলে অনুষ্ঠিত হয় শেয়ারিং সেশন, যেখানে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও কর্মচারীবৃন্দ সারাদিনের অভিজ্ঞতা ভাগাভাগি করেন। সবার মতামত ও আনন্দঘন অনুভূতি একে অপরের সঙ্গে ভাগ করার মাধ্যমে পরিবেশ আরও প্রাণবন্ত হয়ে ওঠে।

এই সেশনে বিশেষভাবে অধ্যক্ষ বেগম নূরজাহান দ্বীপা এবং উপদেষ্টা ডা. আসিব নাসিম তাঁদের মূল্যবান অভিমত ও দিকনির্দেশনা প্রদান করেন। তাঁরা উল্লেখ করেন, এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের মানসিক প্রশান্তি, সামাজিক সম্প্রীতি এবং আত্মবিশ্বাস বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

শেয়ারিং সেশনের পরপরই শুরু হয় রাফেল ড্র এবং বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী। শুধু বিজয়ীরাই নয়, সকল অংশগ্রহণকারীর জন্যই ছিল সান্ত্বনা পুরস্কার, যা সবার আনন্দকে বহুগুণ বাড়িয়ে দেয়।

সমাপনী

অবশেষে অধ্যক্ষা মহোদয়ার ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে বনভোজনের আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করা হয়।

পিএফডিএ-ভোকেশনাল ট্রেনিং সেন্টার ট্রাস্টের ২০২৫ সালের বার্ষিক বনভোজন অংশগ্রহণকারীদের মনে একটি আনন্দঘন ও স্মরণীয় দিন হিসেবে স্থান করে নিয়েছে। এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের মনোবল বৃদ্ধি, নতুন উদ্দীপনা সৃষ্টি এবং একটি সুস্থ, বন্ধুসুলভ পরিবেশ গঠনে সহায়ক ভূমিকা পালন করে।

